

ব্যক্তিত্ব গঠনে আবেগ ও স্মৃতি—একটি মনোদার্শনিক পর্যালোচনা

গবেষণার রূপরেখা

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে পি এইচ ডি ডিগ্রীর জন্য

উপস্থাপিত গবেষণাপত্র

জগদীশ দাস

দর্শন বিভাগ, আর্টস ফ্যাকাল্টি, যাদবপুর বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রেশন নম্বর A00PH0200717; Dated 28-11-2017

তত্ত্বাবধায়ক

ডঃ গার্গী গোস্বামী

Professor, দর্শনবিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

কলকাতা-৭০০০৩২

২০২৫

গবেষণার রূপরেখা

ব্যক্তির সাধারণ বৈশিষ্ট্য যার সাহায্যে কোন ব্যক্তির ব্যক্তিত্ব নির্ধারিত হয় তাকে নানা দার্শনিক নানারকমভাবে উপস্থাপিত করেছেন। তাদের মধ্যে দার্শনিক G Alport—এর মতে ‘ব্যক্তির অন্তর্নিহিত গতিশীল দৈহিক ও মানসিক বৈশিষ্ট্যগুলিকে সংগঠিত করে যা ব্যক্তিকে তার পরিবেশের সাথে বিশেষভাবে উপযোজিত হতে সাহায্য করে, তাই হল ব্যক্তিত্ব’ⁱ। N.L. Munn—এর মতে—‘ব্যক্তির সমগ্র ব্যক্তি সত্তাই তার ব্যক্তিত্ব’ⁱⁱ। মনোবিদ Garret এর মতে—‘ব্যক্তিত্ব হল ব্যক্তির আচরণ ছাদ বা আচরণ ভঙ্গী’ⁱⁱⁱ। এইরকম বহু সংজ্ঞা পাওয়া যায় ব্যক্তিত্বের। যদিও এইসব কোন সংজ্ঞাই সম্পূর্ণরূপে ব্যক্তিত্বকে প্রকাশ করতে পারে না। ব্যক্তিত্বের বিভিন্ন দিকগুলি যেসব মানসিক স্তরের উপর দাঁড়িয়ে থাকে তাদের মধ্যে অন্যতম হল—স্মৃতি ও আবেগ। আবেগ মানুষকে অনেক সময় বিবেচনাশূন্য করে দেয়, তবুও আবেগ ছাড়া মানুষ চলতে পারে না। আবেগ নানারকম ঢেউ তুলতে থাকে মনে। আবেগকে সবসময় বাস্তবায়িত করা সম্ভব হয় না। সামাজিক রীতিনীতি ও বিধি নিষেধের প্রতিবন্ধকতা আসে। নেতিবাচক কাজ করার আবেগ সম্পর্কে সাবধান হওয়ার জন্য এবং ইতিবাচক কাজ করার আবেগকে বাস্তবায়িত করার জন্য এবং উভয়কে নিয়ন্ত্রণ করার জন্য স্মৃতি সহায়ক হয়। আবেগের এই সুষ্ঠু নিয়ন্ত্রণ ব্যক্তিত্বকে উন্নততর করে থাকে। তাই এই গবেষণাপত্রে ব্যক্তিত্ব গঠনে স্মৃতির ও আবেগের ভূমিকার আলোচনা করা হয়েছে।

স্মৃতি যেন একটি প্রবাহমান নদীর জল প্রবাহ আর আবেগ হল সেই নদীতে ওঠা ঢেউ। জলপ্রবাহ আর ঢেউ নিয়ে যেমন একটি নদী তেমনি স্মৃতি এবং আবেগ নিয়ে হয় ব্যক্তিত্ব। নদীতে এই জল ও ঢেউয়ের সামঞ্জস্যে সেটি শান্ত থাকে। ব্যক্তিত্বেও স্মৃতি ও আবেগের সামঞ্জস্যে সেটি শান্ত থাকে। এই দুটি উপাদান পারস্পারিক নির্ভরশীল এবং একটি অপরটিকে প্রভাবিত করে। আবেগের সুষ্ঠু নিয়ন্ত্রণ এবং স্মৃতির পরিমার্জন উভয়ই ব্যক্তিত্ব গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

ⁱ Personality--G Alport, p-48

ⁱⁱ Introduction to psychology--NL Munn, p-233

ⁱⁱⁱ Great Experiment In Psychology—H.E.Garrett, p-171